

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ১১ মে ২০২২

বাংলাদেশ কনসুলেট জেনারেল, হংকং-এর নবনিযুক্ত কনসাল জেনারেল মিজ ইসরাত আরা, হংকং বিশেষ প্রশাসনিক অঞ্চলের প্রধান নির্বাহী, মিজ ক্যারি লাম এর সাথে আজ ১১ মে ২০২২ তারিখে সৌজন্য সাক্ষাৎ করেছেন। উক্ত সাক্ষাতে বাংলাদেশ ও হংকং এর দ্঵িপাক্ষিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার পাশাপাশি বাংলাদেশের পররাষ্ট্রনীতি অনুযায়ী “এক চীন” নীতির প্রতি গুরু সমর্থন ব্যক্ত করা হয়। কনসাল জেনারেল, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে বাংলাদেশের জনগনকে অভিনন্দন জানানোর জন্য মিজ ক্যারি লামকে ধন্যবাদ জানান। তিনি প্রধান নির্বাহীর কাছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল ও বিচক্ষন নেতৃত্বে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের রূপরেখা তুলে ধরেন। তিনি বঙ্গবন্ধুর “সোনার বাংলা” গড়ার স্বপ্ন পূরনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ২০৪১ এর বিষয় তুলে ধরেন। মিজ লাম বাংলাদেশের অভাবনীয় উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বের প্রশংসা করেন।

মিজ লাম, হংকং এর সাম্প্রতিক পরিস্থিতি বিশেষত ন্যাশনাল সিকিউরিটি আইনের প্রেক্ষাপট, নির্বাচন ব্যবস্থার সংস্কার, চীনের বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ এবং করোনা মহামারির বর্তমান পরিস্থিতি সম্পর্কে কনসাল জেনারেলকে অবহিত করেন। তিনি করোনা পরিস্থিতির উন্নতি সাপেক্ষে চীনসহ অন্যান্য দেশের সাথে সীমান্ত পুনরায় চালু করার আশাবাদ ব্যক্ত করেন। কনসাল জেনারেল মহামারী মোকাবেলায় বাংলাদেশ সরকারের সাফল্য তুলে ধরেন।

প্রধান নির্বাহী, বাংলাদেশের সাথে ব্যবসা, বাণিজ্য সম্প্রসারণ এবং হংকং-এর বিনিয়োগকারীদের অবস্থান তুলে ধরে তাদেরকে সহযোগিতার বিষয়ে অনুরোধ করেন। কনসাল জেনারেল বলেন, বাংলাদেশ সরকার বিনিয়োগকারীদের সর্বোচ্চ সুবিধা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন, হংকং বাংলাদেশের ৬ষ্ঠ বিনিয়োগকারী দেশ এবং ভবিষ্যতে এই বিনিয়োগের পরিমাণ আরো বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি হংকং ইকোনমিক এন্ড ট্রেড অফিস (HKETO) এর আসন্ন বাংলাদেশ সফর (২৯ মে-০২ জুন ২০২২) এর বিষয়ে প্রধান নির্বাহীকে অবহিত করেন। তিনি হংকং এর ব্যবসায়ীদের প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সাপেক্ষে ভিসা অন অ্যারাইভাল সুবিধা প্রদানের কথা তুলে ধরেন, যা মিজ লাম প্রশংসা করেন। হংকং বিশেষ প্রশাসনিক অঞ্চল এর আসন্ন ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত সপ্তম বেল্ট এন্ড রোড সম্মেলনে বাংলাদেশকে আমন্ত্রণ জানানোয় কনসাল জেনারেল মহোদয় মিজ লামকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উভয়ে বাংলাদেশ ও হংকং এর মধ্যকার চলমান চুক্তিসমূহের বিষয়ে (ব্রেত কর পরিহার চুক্তি, বিনিয়োগ সম্প্রসারণ চুক্তি) আলোচনা এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একযোগে কাজ করার উপর গুরুত্ব দেন।

মিজ লাম, বেল্ট অ্যান্ড রোড স্কলারশীপ স্কিমের আওতায় হংকং-এর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষার জন্য বাংলাদেশী তরুণ ও মেধাবী ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ এবং পরবর্তীতে কর্মসংস্থান/বসবাসের সুযোগ গ্রহণে উৎসাহ দেন। তিনি বলেন, হংকং-এর ক্রমবর্ধমান বয়োজ্যেষ্ঠ নাগরিকদের সেবা প্রদানের জন্য নারী গৃহকর্মীদের চাহিদা পূরনে বাংলাদেশ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। কনসাল জেনারেল হংকং-এ কর্মরত বাংলাদেশী নারী গৃহকর্মীদের নিরাপত্তা ও কল্যাণের জন্য হংকং সরকারের আন্তরিক প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানান।

মিজ ক্যারি লাম বাংলাদেশের সংস্কৃতি, দেশীয় খাবার, চলচ্চিত্র, হস্তশিল্প নিয়ে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে কনসাল জেনারেলকে অনুরোধ করেন। কনসাল জেনারেল কোভিড প্রটোকল অনুসরনপূর্বক এধরনের আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।

পরিশেষে কনসাল জেনারেল সৌজন্য সাক্ষাতের জন্য মিজ ক্যারি লামকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বাংলাদেশ ও হংকং-এর দ্বিপাক্ষিক সম্পর্ক ভবিষ্যতে আরো সুদৃঢ় হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

